

10936 - বিপদ-আপদ গুনাহ মোচন করে

প্রশ্ন

আমার স্ত্রী প্রথম সন্তান প্রসব করা পর্যন্ত নামায আদায় করত। এরপর অলসতা করা শুরু করল এই বলে যে, কোন নারী সন্তান প্রসব করলে তার সকল গুনাহ মাফ হয়ে যায়— প্রসবকালে সে যে কষ্ট পায় সেটার পরিপ্রেক্ষিতে। তাকে লক্ষ্য করে আপনারা কি বলবেন?

প্রিয় উত্তর

এই কথা সঠিক নয়। একজন নারীও অন্যসব মানব সন্তানের মত। যদি কোন বনী আদম কোন কষ্টের শিকার হয়ে ধৈর্য ধারণ করে এবং প্রতিদানপ্রাপ্তির নিয়ত করে তাহলে এই কষ্ট ও মুসিবতের কারণে সে সওয়াব পাবে। এমনকি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর চেয়ে ক্ষুদ্র বিষয় দিয়ে উপমা দিয়েছেন। তিনি কারো পায়ে কাঁটা ফোটা দিয়ে উপমা দিয়েছেন যে, এর কারণে গুনাহ মোচন হয়। জেনে রাখুন, ব্যক্তি যদি বিপদ-মুসিবতের শিকার হয়ে এতে ধৈর্য ধারণ করে, আল্লাহর কাছে প্রতিদান প্রাপ্তির নিয়ত করে সে এই সবর ও প্রতিদানপ্রাপ্তির নিয়তের কারণে আল্লাহর কাছে সওয়াব পাবেন। আর মূলতঃ বিপদটি তার গুনাহ মোচনকারী। সুতরাং বিপদ-মুসিবত সর্বাবস্থায় গুনাহমোচনকারী। যদি এর সাথে সবর যুক্ত হয় তাহলে ব্যক্তি তার এই সবরের কারণে সওয়াপপ্রাপ্ত হবেন। নিঃসন্দেহে একজন নারী তার প্রসবকালে ব্যথায় কাতর হন, কষ্ট পান। এই কষ্টের কারণে তার গুনাহ মাফ হবে। আর যদি সে সবর করে ও আল্লাহর কাছে প্রতিদান পেতে চায় তাহলে গুনাহ মার্ফের সাথে অতিরিক্ত সওয়াব ও নেকী পাবেন...। আল্লাহই সর্বজ্ঞ।